



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রান্স্ট  
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি  
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯  
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/এমআইএস/আইসিটি শাখা/মাঠ পর্যায়ের ফাইল/২০২৩ /২ (৫) তারিখ: ২৫.০৩.২০২৪ খ্রি.

**বিষয়:** HSP-MIS এ OTP নম্বর ব্যবহার করে পাসওয়ার্ড পুনরুদ্ধার প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রান্স্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির HSP-MIS এ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক নিয়ন্ত্রিত হলেও OTP নম্বর ব্যবহার করে Password পুনরুদ্ধারের জন্য অনুরোধ করা হলো।

**Password ভুলে গেলে পুনরুদ্ধার করার নিয়মাবলী:**

HSP-MIS এর লগইন পেইজ এ “পাসওয়ার্ড ভুলে গেছেন”-এ ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার “ইউজার আইডি/মোবাইল নম্বর” প্রদান করে OTP Send অপশনে ক্লিক করলে সংশ্লিষ্ট ইউজার এর HSP-MIS এ প্রদত্ত ব্যবহৃত সংশ্লিষ্ট মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে OTP নম্বর প্রেরণ করা হয়। ক্লিকে প্রদর্শিত নিয়মাবলী অনুসরণপূর্বক উক্ত OTP নম্বর অনুযায়ী Password পুনরুদ্ধার করতে হয়। নতুন পাসওয়ার্ড দিয়ে HSP-MIS সফটওয়্যারে লগ-ইন করে উপরে ডান পাশে ইউজার নামের উপর ক্লিক করলে প্রদর্শিত ইউজার প্রোফাইলে “পাসওয়ার্ড পরিবর্তন”-এ ক্লিক করে ডান পাশে বক্সের ডিতরে লেখা নিয়মাবলী অনুযায়ী পাসওয়ার্ড তৈরী করতে হবে।

**Password সংরক্ষণকরণ:**

১। HSP-MIS একটি আর্থিক সফটওয়্যার বিধায় এর পাসওয়ার্ড সংরক্ষণের ক্ষেত্রে কঠোর গোপনীয়তা রক্ষা করতে হবে। কোনভাবেই HSP-MIS এর Password দায়িত্বপ্রাপ্ত শিক্ষক/কর্মকর্তা ছাড়া অন্য কারো নিকট হস্তান্তর করা যাবে না। একই পাসওয়ার্ড দীর্ঘদিন ব্যবহার না করে মাঝে মাঝে পাসওয়ার্ড পরিবর্তন করে সর্বোচ্চ গোপনীয়তার সাথে সংরক্ষণ করতে হবে।

২। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ বিদ্যমান আইডি পাসওয়ার্ড দিয়ে HSP-MIS এ লগইন/পাসওয়ার্ড পুনরুদ্ধার করতে না পারলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের আবেদন উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সুপারিশসহ ক্লিম পরিচালক বরাবর mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে প্রেরণ করতে হবে। উক্ত আবেদনের প্রেক্ষিতে আবেদনকৃত ই-মেইলের মাধ্যমে অস্থায়ী পাসওয়ার্ড প্রেরণ করা হবে। ই-মেইলে প্রাপ্ত অস্থায়ী পাসওয়ার্ড দিয়ে HSP-MIS এ লগইন করে নিজস্ব অতি গোপনীয় পাসওয়ার্ড তৈরী করে গোপনীয়তার সাথে সংরক্ষণ করতে হবে।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা  
সকল উপজেলা/থানা

(মোহাম্মদ আব্দুল হক)  
ক্লিম পরিচালক (যুগ্মসচিব)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
কাজিপুর, সিরাজগঞ্জ।  
www.seo.kazipur.sirajganj.gov.bd



স্মারক নংঃ উমাশিতি/কাজি/সিরাজ/২০২৪/৮৭

তারিখঃ ২৫/০৩/২০২৪ খ্রি

উপর্যুক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার  
ক্লিম, মাদ্রাসা, কারিগরি  
কাজিপুর, সিরাজগঞ্জ।

স্বাক্ষরিত  
(মোঃ আফছার আলী)-

জেলা শিক্ষা অফিসার (অতি: দাঃ)

ও

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (অতি: দাঃ)  
কাজিপুর, সিরাজগঞ্জ।